



ইসলামিক ফাউন্ডেশন

বিভাগীয় কার্যালয়

পূর্ব শাহী ঈদগাহ, সিলেট।

স্মারক নং ১৬.০১.৯১০০.০২১.১৩.০০১.১০.২৭

তারিখ: ১৪ মাঘ ১৪২৬
২৮ জানুয়ারি ২০২০

প্রাপকঃ

ইমাম/খতিব/সভাপতি/মুহতামিম ----- জামে মসজিদ----- উপজেলা, সিলেট।

বিষয়: শুক্ৰবার জুম'আ নামাজের খুতবার আগে/পরে এবং ওয়াক্তিয়া নামাযে সরকারি ব্যবস্থাপনায় হজে যাওয়ার কি কি সুবিধা এ বিষয়ে মসজিদে আলোচনা করার অনুরোধ প্রসঙ্গে।

স্মারক নং ১৬.০১.০০০০.০০৫.১২.০০১.০৫.২৯৫ তারিখ: ২১ জানুয়ারি ২০২০

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০২০ সনে পবিত্র হজে গমনেচ্ছু হজযাত্রীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সনের হজের প্রাক-নিবন্ধন চলছে। এ বছর সরকারি ব্যবস্থাপনায় ১৭,১৯৮ জন ধর্মপ্রাণ মুসলমান পবিত্র হজ পালন করতে পারবেন। প্রেক্ষিতে, যারা ২০২০ সনে হজে গমনেচ্ছুক তাঁরা নিকটস্থ-নিম্নোক্ত স্থান সমূহে যোগাযোগ করে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। (প্রয়োজনে যোগাযোগ ০১৭০৪-৯০৫১৯৯)

১. জেলা প্রশাসকের কার্যালয়।
২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
৩. ইউনিয়ন ডিজিটাল সেন্টার।
৪. ইসলামিক ফাউন্ডেশন জেলা/ বিভাগীয় কার্যালয়।
৫. বায়তুল মোকাররম মসজিদের ২য় তলায় অবস্থিত ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়।
৬. হজ অফিস, আশকোনা, ঢাকা।
৭. বাংলাদেশ সচিবালয়ের ৬নং ভবনের ১৫২১ নং কক্ষ এবং
৮. হজযাত্রী নিজেও <https://prp.pilgrimdb.org/pilgrim-reg-request/create> ওয়েবসাইটে প্রবেশ করে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

সরকারি ব্যবস্থাপনায় পবিত্র হজ পালনে সুযোগ-সুবিধা নিম্নরূপ:

১. সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধন/নিবন্ধন করলে পবিত্র হজে যাওয়ার ১০০% নিশ্চয়তা প্রদান করা হয়;
২. চলতি হজ মৌসুম ২০২০ সালেই যাওয়ার নিশ্চয়তা এবং দালাল ও মধ্যসত্ত্বভোগির ব্যবসার কোনো সুযোগ নেই;
৩. সৌদি আরবে যাওয়া ও আসার জন্য হজ ফ্লাইটের টিকিট প্রদানের ক্ষেত্রে ১০০% নিশ্চয়তা প্রদান করা হয়;
৪. মক্কা ও মদীনায় নিকটতম স্থানে হোটেল/বাড়িতে থাকার সুব্যবস্থা করা হয়;
৫. মক্কা-মদীনায় অবস্থানকালীন সময়ে বিভিন্ন দর্শনীয় স্থানসমূহ বাস যোগে ভ্রমণ করে দেখানো হয়;
৬. হাজীদের জন্য কুরবানী প্রদানের ক্ষেত্রে ১০০% নিশ্চয়তা প্রদান করা হয়;
৭. অভিজ্ঞ ও দক্ষ হজ গাইডের সার্বক্ষণিক সুবিধা এবং নিজের পছন্দমত খাওয়া-দাওয়া;
৮. ডেমোনেস্ট্রেশনসহ হজ প্রশিক্ষণের সু-ব্যবস্থা;
৯. মিনায় জামায়াতের কাছে মূল মিনাতে অবস্থান এবং ট্রেনে আরাফা মুযদালিফা যাতায়াতের ব্যবস্থা।
১০. ধর্মপ্রাণ মুসলমানদের সরকারি ব্যবস্থাপনায় পবিত্র হজ পালনের জন্য অনুরোধ করা হলো।


ফরিদ উদ্দিন আহসান/০১/২
পরিচালক
ফোন : ০৮২১ ৭২১০০৮
ifs.sylhet@gmail.com